# মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

## কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া

অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া -এর খেলাপী ঋণ গ্রহীতা, "মেসার্স জামাল স্টোর" যার স্বত্বাধিকারীঃ মোঃ জামাল উদ্দিন শাহ, পিতাঃ- মোঃ হাতেম আলী শাহ এবং মাতাঃ- মোছাঃ ঠেকারি বেগম, ঠিকানাঃ ১১৩/১, নুর উদ্দিন আহমেদ সড়ক, হরিশংকরপুর, ডাকঘরঃ মোহিনী মিলস, কুষ্টিয়া সদর, জেলাঃ কুষ্টিয়া এর নিকট ২৩/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচ সহ অত্র ব্যাংকের মোট পাওনা ৮,০৪,৬৫,৮৪১/২২ (আট কোটি চার লক্ষ পয়ষট্টি হাজার আটশত একচল্লিশ টাকা বাইশ পয়সা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে ১) জনাব মোঃ জামাল উদ্দিন শাহ, পিতাঃ- মোঃ হাতেম আলী শাহ এবং মাতাঃ- মোছাঃ ঠেকারি বেগম, (২) মোছাঃ রিনা খাতুন, স্বামী: মোঃ জামাল উদ্দিন শাহ এবং মাতা মোছাঃ মালেকা খাতুন উভয়ের ঠিকানাঃ ১১৩/১, নুর উদ্দিন আহমেদ সড়ক, হরিশংকরপুর, ডাকঘরঃ মোহিনী মিলস, কুষ্টিয়া সদর, জেলাঃ কুষ্টিয়া কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকী ও আম-মোক্তার নামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত ভূমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ক্রেতাদের নিকট নিম্ন বর্ণিত শর্তাধীনে সীল মোহরংকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### দরপত্রের শর্তাবলীঃ

১. আগ্রহী দরদাতাগণকে তাঁর বা তাঁদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২০.০৭.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাঁদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া -এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ -৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

### বন্ধকী সম্পত্তির তফশীলঃ

**লট-১ :** জেলাঃ- কুষ্টিয়া, থানা ও সাবরেজিষ্ট্রি অফিসঃ- কুষ্টিয়া, মৌজাঃ- রাহিনী, জে.এল. নং এস, এ-৩৬, আর, এস-৩৪, খতিয়ান নং এস,এ-৩১৩ আর.এস-১৯৩, আর এস নামজারি নং-৮৪৬, দাগ নং- এস.এ-২০৫, ২০৬, আর.এস-২২০, ২২১, জমির পরিমানঃ- যথাক্রমে ২.৩৮ শতাংশ ও ৩.৪২ শতাংশ এবং তদস্থিত যাবতীয় নির্মাণাদি এর মালিকানা মোঃ জামাল উদ্দিন শাহ ও মোছাঃ রিনা বেগম। চৌহদ্দিঃ- উত্তরে- বাবুল শাহ ও মোকছেদ আলী শাহ, দক্ষিণে- আলাউদ্দিন, পূর্বে- আয়ুব শাহ, পশ্চিমে- নুরুদ্দিন শাহ গং ও রাস্তা।

**লট-২ :** জেলাঃ- কুষ্টিয়া, থানা ও সাবরেজিষ্ট্রি অফিসঃ- কুষ্টিয়া, মৌজাঃ- কালিশংকরপুর, জে.এল. নং এস, এ-৩৫, আর, এস-২১, খতিয়ান নং এস,এ-১৯৪ আর.এস-২৪৩৭ আর এস নামজারি নং-৭৬১/১/১ দাগ নং- এস.এ-১৫৮১ আর.এস-৬৯৯৬ জমির পরিমানঃ- ৫.৬৫ শতাংশ এবং তদস্থিত ৩৭৮০ বর্গফুট পরিমাপ বিশিস্ট একটি আবাসিক কাম বাণিজ্যিক দালান ও অন্যান্য সংযোগসমূহ ও ভবিষ্যতে নির্মীয়মাণ যাবতীয় নির্মাণাদি এর মালিকানা মোঃ জামাল উদ্দিন শাহ । চৌহদ্দিঃ উত্তরে-জিন্নাত শাহ, দক্ষিণে- সোনা মন্ডল, পূর্বে- রাস্তা, পশ্চিমে- সাইদুল মন্ডল ।

**লট-৩ :** জেলাঃ- কুষ্টিয়া, থানা ও সাবরেজিষ্ট্রি অফিসঃ- কুষ্টিয়া, মৌজাঃ- রাহিনী, জে.এল. নং এস, এ-৩৬, আর, এস-৩৪, খতিয়ান নং এস,এ-৩৯৮, আর.এস-৫৫৬, আর এস নামজারি নং-১২৯৭, ৫৫৬/১/২ দাগ নং- এস.এ-২০৩, ২০৪ আর.এস-২১৯ জমির পরিমানঃ- ২.৩৯ শতাংশ এবং তদস্থিত যাবতীয় নির্মাণাদি এর মালিকানা মোঃ জামাল উদ্দিন শাহ । চৌহদ্দিঃ ঃ উত্তরে-আব্দুর রহমান, দক্ষিণে- মোঃ জামাল উদ্দিন শাহ, পূর্বে- নুর উদ্দিন আহমেদ সড়ক, পশ্চিমে- আব্দুর রহমান ।

**লট-৪ :** জেলাঃ- কুষ্টিয়া, থানা ও সাবরেজিষ্ট্রি অফিসঃ- কুষ্টিয়া, মৌজাঃ- রাহিনী, জে.এল. নং এস, এ-৩৬, আর, এস-৩৪, খতিয়ান নং এস,এ-৩১৩ আর.এস-১৯৩ আর এস নামজারি নং-৭৯৮ দাগ নং- এস.এ-২০৬ আর.এস-২২১ মোট জমির পরিমানঃ- ২.৭৪ শতাংশ এবং তদস্থিত যাবতীয় নির্মাণাদি এর মালিকানা মোঃ জামাল উদ্দিন শাহ । চৌহদ্দিঃ উত্তরে- আব্দুর রহমান, দক্ষিনে- হাবিব উদ্দিন, পূর্বে- মোবা শাহ, পশ্চিমে- আলাউদ্দিন শাহ।

**লট-৫ :** জেলাঃ- কুষ্টিয়া, থানা ও সাবরেজিষ্ট্রি অফিসঃ- কুষ্টিয়া, মৌজাঃ- রাহিনী, জে.এল. নং এস, এ-৩৬, আর, এস-৩৪, খতিয়ান নং এস,এ-৩৯৮ আর.এস-৫৫৬ আর এস নামজারি নং-১৩২৯ ও ১৬০৯ দাগ নং- এস.এ-২০৩, ২০৪ আর.এস-২১৯ জমির পরিমানঃ- ৪.৬০ শতাংশ এবং তদস্থিত যাবতীয় নির্মাণাদি এর মালিকানা মোঃ জামাল উদ্দিন শাহ। চৌহদ্দিঃ উত্তরে- হামিদা খাতুন, দক্ষিণে- সোহেল রানা ও তারেক শাহ, পূর্বে- আব্দুর রহমান, পশ্চিমে- আব্দুর রহমান ।

উপরোল্লিখিত ৫ টি তফসিলে মোট জমির পরিমান (৫.৮০+৫.৬৫+২.৩৯+২.৭৪+৪.৬০) = ২১.১৮ শতক ভূমি এবং তদস্থিত বর্তমান ও ভবিষ্যৎ নির্মিতব্য সকল স্থাপনাদি।

পক্ষে ঃ প্রিন্সিপাল অফিসার ও শাখা প্রধান মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, কুষ্টিয়া শাখা। ফোন নং ০১৭৩০-৭০৯৯৮৪, ০১৭১৭-৬১৩২০৪।